463

দৈনিক সংবাদ

তারিখ MAY 4 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## কেন্দুয়া থানা শিক্ষা ট্রাস্ট-এর টাকা আত্মসাৎ প্রসঙ্গে

১৯৯৪ইং সাল থেকে "ঢাকাস্থ কেন্দুয়া থানা শিক্ষা ট্রাস্ট" প্রতিবছর কেন্দুয়া থানাধীন সকল উচ্চ বিদ্যালয়/মাদ্রাসায় অধ্যয়নরত এসএসসি/দখিল পরীক্ষার্থী গরিব ছাত্র/ছাত্রীদের মাঝে ১০০০/- (এক হাজার) টাকা হিসেবে বৃত্তি প্রদান করে আসছে। কিন্তু গত বছর ১৯৯৮ ইং সালে কেন্দুয়া থানা শিক্ষা ট্রাস্ট কোন বৃত্তি প্রদান না করায় কেন্দুয়াবাসীরা হতাশ হয়েছে। এপ্রিল'৯৯ মাসে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খোঁজ নিয়ে জানা গেল, ১৯৯৮ সালে বৃত্তি প্রদানের জন্য ছাত্র/ছাত্রীদের নাম পাঠানো হলেও এ-বছর কোন ছাত্র/ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়নি। কিন্তু গত ১০ই এপ্রিল '৯৯ ঢাকায় অনুষ্ঠিত প্রীতি সমাবেশে শুনেছি শিক্ষা ট্রাস্টের টাকা দু বছর পূর্বে নির্বাচিত বর্তমান কোষাধ্যক্ষকে না জানিয়ে প্রাক্তন কোষাধ্যক্ষের মাধ্যমে অবৈধভাবে উত্তোলন করে ভুয়া বিতরণ দেখিয়ে আত্মসাৎ করা হয়েছে।

জনমনে প্রশ্ন গরিব ছাত্র/ছাত্রীদের জন্য দান করা টাকা কি এভাবেই আত্মসাৎ হবে? এ ব্যাপারে শিক্ষা ট্রাস্টে টাকা দানকারী সকলের আশু হস্তক্ষেপ কামনা করছি।

এম, এ সাত্তার
কেন্দুয়া পৌরসভা
কেন্দুয়া, নেত্রকোনা